**প্রধানমন্ত্রী ফেলোশিপের আওতায় পিএইচডি ও মাস্টার্স কোর্সে আবেদনকারীদের জন্য সাধারণভাবে জিজ্ঞাসিত প্রশ্ন ও উত্তর (Frequently Asked Questions-FAQ)**

১. বিদেশে ইতোমধ্যে মাস্টার্স করে থাকলে প্রধানমন্ত্রী ফেলোশিপের অধীনে মাস্টার্স বা পিএইচডি এর জন্য আবেদন করতে পারবেন কি না?

উত্তরঃ বিদেশে ইতোমধ্যে মাস্টার্স করে থাকলে প্রধানমন্ত্রী ফেলোশিপের অধীনে মাস্টার্স এর জন্য বিবেচিত হবেননা, তবে পিএইচডি এর জন্য আবেদন করতে পারবেন।

২. আবেদন ও সংযুক্ত দলিলাদি গৃহীত হয়েছে কিনা তা কিভাবে জানা যাবে?

উত্তর: আবেদন ও সংযুক্ত দলিলাদি গৃহীত হয়েছে কিনা তা স্বয়ংক্রিয় ইমেইল নোটিফিকেশনের মাধ্যমে জানা যাবে।

৩. নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বলতে কি বুঝানো হয়েছে?

উত্তর: নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বলতে আবেদনকারীর দপ্তর প্রধানকে বুঝানো হয়েছে। যেমনঃ

ক) বিসিএস কর্মকর্তাগণের ক্ষেত্রে আবেদনকারী মন্ত্রণালয়/বিভাগে কর্মরত হলে তাঁর দপ্তর প্রধান হবেন উক্ত মন্ত্রণালয়/বিভাগের সচিব, অধিদপ্তরের ক্ষেত্রে সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান। আবেদনকারী মাঠ পর্যায়ে(জেলা/বিভাগ)কর্মরত হলে তাঁর দপ্তর প্রধান হবেন সংশ্লিষ্ট জেলা/ বিভাগীয় প্রধান। আবেদনকারী নিজেই জেলা/বিভাগীয় প্রধান হলে তাঁর দপ্তর প্রধান হবেন নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় এর সচিব।

খ) নন বিসিএস সরকারি (বিসিএস ব্যতীত অন্যান্য) কর্মকর্তাগণের ক্ষেত্রে আবেদনকারীর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হবেন তাদের অফিস/ দপ্তর প্রধান। সকল সরকারি বিশ্ববিদ্যালয় এর ক্ষেত্রে দপ্তর প্রধান হবেন সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার। স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হবেন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান। বাংলাদেশ ব্যাংক এর ক্ষেত্রে মানব সম্পদ বিভাগ এর মহাব্যবস্থাপক কর্তৃক স্বাক্ষরিত অফিস আদেশ সংযুক্ত থাকলে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করা হয়েছে মর্মে গণ্য হবে।

৪. নির্বাচন প্রক্রিয়ার ধাপসমূহ কি কি ?

উত্তর: নির্বাচন প্রক্রিয়ার ধাপসমূহ নিম্নরূপঃ

ক) আবেদন এবং সংযুক্ত দলিলাদি যাচাই বাছাইকরণ এবং প্রাথমিকভাবে নির্বাচিতদের তালিকা প্রকাশকরণ

খ) প্রাথমিকভাবে নির্বাচিতদের মৌখিক পরীক্ষার তারিখ নির্ধারণ এবং তদনুযায়ী বিশ্লেষণী দক্ষতা ও মৌখিক পরীক্ষা গ্রহণ

গ) চূড়ান্তভাবে নির্বাচিতদের তালিকা প্রকাশকরণ।

৫. প্রধানমন্ত্রী ফেলোশিপের জন্য একাধিকবার আবেদন করা যাবে কিনা?

উত্তর: প্রধানমন্ত্রী ফেলোশিপের জন্য একাধিকবার আবেদন করা যাবে। তবে, একই অর্থবছরে দুইটি আবেদন/ একইসাথে একটি পিএইচডি ও একটি মাস্টার ডিগ্রী'র আবেদন গ্রহণযোগ্য হবে না ও বাতিল বলে গণ্য হবে।

৬. প্রধানমন্ত্রী ফেলোশিপে বিসিএস, নন বিসিএস সরকারি (বিসিএস ব্যতীত অন্যান্য) ও বেসরকারি আবেদনকারীদের নিকট হতে আবেদন আহবান করা হয়েছে। এই তিন গ্রুপের আবেদনকারীদের মাঝে চূড়ান্ত প্রার্থী নির্বাচনের আনুপাতিক হার কি হবে?

উত্তর: বিসিএস কর্মকর্তাগণ ৬৫%, বিসিএস ব্যতীত অন্যান্য সরকারি কর্মকর্তাগণ ২৫% এবং বেসরকারি আবেদনকারীগণ ১০% হারে নির্বাচিত হবেন। তবে কোন গ্রুপে নির্ধারিত উপযুক্ত সংখ্যক আবেদন পাওয়া না গেলে পরবর্তী বিজ্ঞপ্তিতে তা সমন্বয় করা হবে। উল্লেখ্য যে, বিসিএস কর্মকর্তা ব্যতীত অন্যান্য সকল সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিবর্গ 'নন বিসিএস সরকারি (বিসিএস ব্যতীত অন্যান্য)' ক্যাটাগরিতে বিবেচিত হবেন। যেমন: সকল সরকারি বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান ইত্যাদি।

৭. অফার লেটার প্রাপ্ত বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে TOEFL iBT/ IELTS Academic/ PTE Academic স্কোর আবশ্যক না হলে TOEFL iBT/ IELTS Academic/ PTE Academic এর শর্ত শিথিলযোগ্য কি না?

উত্তর: না। অফার লেটার প্রাপ্ত বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে TOEFL iBT/ IELTS Academic/ PTE Academic স্কোর আবশ্যক না হলেও TOEFL iBT/ IELTS Academic/ PTE Academic এর শর্ত শিথিলযোগ্য নয়। উল্লেখ্য যে, TOEFL iBT/ IELTS Academic/ PTE Academic স্কোর প্রধানমন্ত্রী ফেলোশিপের জন্য প্রাথমিক প্রার্থী বাছাইয়ের অন্যতম একটি মানদন্ড।

৮. অফার লেটারে অধ্যয়ন ব্যয় সম্পর্কিত শর্ত উল্লেখ থাকলে তা গ্রহণযোগ্য কি না?

উত্তর: অধ্যয়ন ব্যয় সম্পর্কিত শর্তযুক্ত অফার লেটার গ্রহণযোগ্য। অফার লেটারে শুধুমাত্র অধ্যয়ন ব্যয় সম্পর্কিত শর্ত থাকলে তা Unconditional Offer লেটার হিসেবে গন্য করা হবে।

৯. ফেলোশিপ প্রাপ্তির পর ভর্তির সেশন/ বিষয়/ বিশ্ববিদ্যালয়/ দেশ পরিবর্তনের কোন সুযোগ আছে কি না?

উত্তর: ফেলোশিপ প্রাপ্তির পর ভর্তির সেশন/ বিষয়/ বিশ্ববিদ্যালয়/ দেশ পরিবর্তনের কোন সুযোগ নেই।

১০. কাঙ্খিত অধ্যয়নে বর্ধিত সময় প্রয়োজন হলে মনোনীত ফেলোশিপের সময় বৃদ্ধি করা হবে কি না?

উত্তর: ফেলোশিপের সময় বৃদ্ধি বা পরিবর্তনের কোন সুযোগ নেই।

১১. ফেলোশিপের জন্য নির্বাচিত প্রার্থীকে কতদিনের মধ্যে বন্ড প্রদান করতে হবে?

উত্তর: নির্বাচিত প্রার্থীকে ফেলোশিপ কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় সময়সীমার মধ্যে বন্ড প্রদান করতে হবে।

১২. Statement of Purpose এর কোন নমুনা বা গাইড লাইন আছে কি?

উত্তর: ইংরেজিতে অনধিক ৫০০ (পাঁচ শত) শব্দে Statement of Purpose দাখিল করতে হবে এবং উক্ত Statement of Purpose এর কোন অংশেই আবেদনকারীর নাম ব্যবহার করা যাবে না, তবে বর্তমান ও পূর্ববর্তী পদবি, কর্মস্থল ব্যবহার করা যাবে। Statement of Purpose এর গাইড লাইন নিম্নরূপঃ

| Questions | words | marks |
|---|---|---|
| Why do you consider yourself suitable for the scholarship? | 100 | 2 |
| Why have you selected the particular subject in the proposed university? | 100 | 2 |
| Please mention the prospects of utilizing the acquired knowledge to your profession | 150 | 3 |
| How will you link your proposed study to the development of Bangladesh? | 150 | 3 |
| **total** | **500** | **10** |

১৩. Research Proposal এর কোন নমুনা বা গাইড লাইন আছে কি?

উত্তর: Research Proposal এর কোন নমুনা নেই। তবে Research Proposal এ আবশ্যিকভাবে problem statement, research questions, research gap, conceptual/theoretical framework, methodology উল্লেখ থাকতে হবে।

১৪. আবেদনকারীর বয়স বিজ্ঞপ্তিতে উল্লেখকৃত 'আবেদনকারীর সর্বোচ্চ বয়সসীমা'র মধ্যে রয়েছে কিনা তা নির্ধারণের জন্য কোন তারিখে আবেদনকারীর বয়স বিবেচনা করা হবে?

উত্তর: আবেদনকারীর বয়স বিজ্ঞপ্তিতে উল্লেখকৃত 'আবেদনকারীর সর্বোচ্চ বয়সসীমা'র মধ্যে রয়েছে কিনা তা নির্ধারণের জন্য অনলাইনে আবেদনপত্র জমা দেয়ার সর্বশেষ তারিখে আবেদনকারীর বয়স বিবেচনা করা হবে।

১৫. নিজ নামের ডোমেইনযুক্ত ইমেইল বলতে কি বোঝায়?

উত্তর: নিজ নামের ডোমেইনযুক্ত ইমেইল এর অর্থ হল আবেদনকারীর মূল নামের অংশ সম্বলিত ইমেইল ঠিকানা। যেমন- আবেদনকারীর নাম আমেনা খাতুন (Amena Khatoon) হলে ইমেইল ঠিকানায় অবশ্যই amena বা khatoon থাকতে হবে।